# হাদীসের নামে জালিয়াতি

বিভাগ/অধ্যায়ঃ (খ) পূর্ববর্তী সৃষ্টি, নবীগণ ও তাফসীর বিষয়ক জাল হাদীস

রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

## ১০. আদম ও হাওয়ার (আ) বিবাহ ও মোহরানা

কুরআনের বর্ণনা থেকে বাহ্যত বুঝা যায় যে, আদম (আঃ)-এর জান্নাতে প্রবেশের পূর্বেই হাওয়াকে সৃষ্টি করা হয় এবং উভয়কে একত্রে জান্নাতে থাকার নির্দেশ দেওয়া হয়। তবে সাহাবীগণের যুগ থেকে কোনো কোনো মুফাস্সির বলেছেন, আদম জান্নাতে অবস্থানের কিছুদিন পরে হাওয়াকে সৃষ্টি করা হয়।

কুরআনে বিভিন্ন স্থানে উল্লেখ করা হয়েছে যে, আদম থেকে হওয়াকে সৃষ্টি করা হয়েছে। তবে এ সৃষ্টি প্রক্রিয়ার বিস্তারিত বিবরণ কুরআন বা হাদীসে দেয়া হয় নি। মুফাসসিরগণ বিভিন্ন কথা বলেছেন। প্রচলিত আছে যে, আদম ও হাওয়ার মধ্যে বিবাহের মোহরান ছিল দরুদ শরীফ পাঠ... ইত্যাদি। এ সকল কথার কোনো ভিত্তি বা সনদ আছে বলে জানা যায় না।

Source — https://www.hadithbd.com/books/link/?id=4770

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন